



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশি/বি/৬/আএডআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

- সূত্র : (১) অধ্যক্ষ, উত্তরা হাই স্কুল এন্ড কলেজ কর্তৃক জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
 (২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম-কে চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগনামা- (১) কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত প্রতিষ্ঠানের অনুপস্থিত থেকে ও হাজিরা খাতায় স্বাক্ষর, (২) জাতীয় অনুষ্ঠানে অনুপস্থিত, (৩) প্রতিষ্ঠানের ৬,২৫,০০০/- (ছয় লক্ষ পঁচিশ হাজার) টাকা আত্মসাং ইত্যাদি অভিযোগের কারণে চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। উক্ত অভিযোগ ও দাখিলকৃত প্রামাণ্য পত্রাদি যথাযথ না হওয়ায় বিস্তারিত পর্যালোচনার পর আপীল এন্ড আরবিট্রেশন কমিটি গভর্নিংবড়ি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদন করেনি।

২। এমতাবস্থায়, বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম-কে স্বপদে পুনর্বহাল করা হলো এবং পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে প্রাপ্য বকেয়া পরিশোধ করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

প্রাপক : সভাপতি, গভর্নিংবড়ি

উত্তরা হাই স্কুল এন্ড কলেজ


উত্তরা, ঢাকা।

মেমো নং-

তারিখ :

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, মীলক্ষ্মেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, উত্তরা হাই স্কুল এন্ড কলেজ।
- ৭। মুহাম্মদ রফিকুল ইসলাম, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), উত্তরা হাই স্কুল এন্ড কলেজ।
- ৮। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা


20/১১/২০১৯